

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৮ (ভোকেশনাল-৩)  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০০৬.১৭ - ২৬৯

তারিখঃ ২১/০৩/২০১৮খ্রিঃ

বিষয়ঃ রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন পীরগাছা জে, এন, মডেল উচ্চ বিদ্যালয় এর জনাব মোঃ আব্দুল হামিদ, টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট এর বেতন স্কেল (গ্রেড-১৭) ৯,০০০/- টাকার স্থলে (গ্রেড-১৬) ৯,৩০০/- টাকার বেতন স্কেল করণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫১.৯৯.০১২.২০১৭-৪০ তারিখ- ১৪/০১/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন পীরগাছা জে, এন, মডেল উচ্চ বিদ্যালয় এর জনাব মোঃ আব্দুল হামিদ, টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট এর এম.পি.ওতে বেতন স্কেল (গ্রেড-১৭) ৯,০০০/- টাকার স্থলে (গ্রেড-১৬) ৯,৩০০/- টাকায় উন্নীত করার শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করেছেন। মন্ত্রণালয় তাঁর আবেদনটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।

১। জনাব মোঃ আব্দুল হামিদ, টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট পদে ০১/১০/১৯৯৭খ্রিঃ তারিখে যোগদান করেন এবং ফেব্রুয়ারী/১৯৯৮খ্রিঃ মাসে এম.পি.ওভুক্ত হন। পরবর্তীতে ০৮(আট) বছর পূর্তিতে জুলাই/২০০৬খ্রিঃ মাসে টাইমস্কেল প্রাপ্ত হয়ে গ্রেড-১৭, ৯০০০/- টাকা লাভ করেন।

২। জনবল কাঠামো ১৯৯৫ অনুসারে মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউটে “টেকনিক্যাল শপ এ্যাসিস্টেন্ট/টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট” পদের শিক্ষাগত যোগ্যতা -- ৮ম শ্রেণী পাসসহ ২ বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট এবং বেতন স্কেল- ১০৫০-১৯২৫/- (গ্রেড-১৮) (কপি সংযুক্ত)।

৩। সর্বশেষ জনবল কাঠামো ৪ ফেব্রুয়ারী ২০১০ এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত অনুসারে মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইন্সটিটিউটে “ল্যাব/শপ/কম্পিউটার এ্যাসিস্টেন্ট” পদের শিক্ষাগত যোগ্যতা-- এইচএসসি(ভোকেশনাল) অথবা এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় শ্রেণী/সমমান গ্রহণযোগ্য হবে এবং বেতন স্কেল- ৪৭০০-৬৫৫৫/- (গ্রেড-১৬) (কপি সংযুক্ত)।

৪। বিষয়টি এম.পি.ও প্রদান সংক্রান্ত কমিটির ৪৭তম সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভায় জনবল কাঠামো ১৯৯৫ অনুসারে “টেকনিক্যাল শপ এ্যাসিস্টেন্ট/টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট” পদের শিক্ষাগত যোগ্যতা-- ৮ম শ্রেণী পাসসহ ২ বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট ও বেতন গ্রেড-১৮, যা জনবল কাঠামো ৪ ফেব্রুয়ারী ২০১০ এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত-তে পদের নাম “ল্যাব/শপ/কম্পিউটার এ্যাসিস্টেন্ট” শিক্ষাগত যোগ্যতা -- এইচএসসি(ভোকেশনাল) অথবা এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় শ্রেণী/সমমান গ্রহণযোগ্য হবে এবং বেতন গ্রেড ১৬তে উন্নীত করা হয়েছে। কিন্তু সর্বশেষ জনবল কাঠামো ৪ ফেব্রুয়ারী ২০১০ এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত-তে এম.পি.ওভুক্ত “টেকনিক্যাল শপ এ্যাসিস্টেন্ট/টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট” পদে কর্মরত কর্মচারীদের বেতনস্কেল আপগ্রেড করার কোন নির্দেশনা না থাকায় রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন পীরগাছা জে, এন, মডেল উচ্চ বিদ্যালয় এর জনাব মোঃ আব্দুল হামিদ, টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট এর এম.পি.ওতে বেতন স্কেল (গ্রেড-১৭) ৯,০০০/- টাকার স্থলে (গ্রেড-১৬) ৯,৩০০/- টাকায় উন্নীত করার সুযোগ নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। এমতাবস্থায়, এম.পি.ও প্রদান সংক্রান্ত কমিটির ৪৭তম সভার সিদ্ধান্ত এবং সর্বশেষ জনবল কাঠামো ৪ ফেব্রুয়ারী ২০১০ এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত-তে এম.পি.ওভুক্ত “টেকনিক্যাল শপ এ্যাসিস্টেন্ট/টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট” পদে কর্মরত কর্মচারীদের বেতনস্কেল আপগ্রেড করার কোন নির্দেশনা না থাকায় রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন পীরগাছা জে, এন, মডেল উচ্চ বিদ্যালয় এর জনাব মোঃ আব্দুল হামিদ, টেকনিক্যাল ল্যাব এ্যাসিস্টেন্ট এর এম.পি.ওতে বেতন স্কেল (গ্রেড-১৭) ৯,০০০/- টাকার স্থলে (গ্রেড-১৬) ৯,৩০০/- টাকায় উন্নীত করার সুযোগ নেই। ইহা আপনার সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল।

স্বাক্ষরিত/=

(অশোক কুমার বিশ্বাস)  
অতিরিক্ত সচিব (কারিগরি)

ও

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সচিব  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ জনাব মোঃ আব্দুল্লাহ উপসচিব (কারিগরি)  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০০৬.১৭ - ২৬৯(০৫)

তারিখঃ ২১/০৩/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। প্রধান শিক্ষক, পীরগাছা জে, এন, মডেল উচ্চ বিদ্যালয়, পীরগাছা, রংপুর।



(মোঃ জহুল ইসলাম)

সহকারী পরিচালক (এম.পি.ও)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।